
29

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 3 1.AUG 1995

পৃষ্ঠা 7 কলাম 7

# দাখিল পরীক্ষায় পাসের হার ৬৮·২১ ভাগ



দাখিল পরীক্ষায় বিজ্ঞান শাখার মেয়েদের মধ্যে প্রথম রাবিয়া আখতার

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত ১৯৯৫ সালের দাখিলপরীক্ষার ফলাফল গতকাল বুধবার প্রকাশিত হইয়াছে। পরীক্ষায় পাসের হার শতকরা ৬৮ দশমিক ৮১ ভাগ। সাধারণ, বিজ্ঞান, মুজাব্বিদ ও হিফজুল কোরান গ্রুপ হইতে পরীক্ষায় অংশগ্রহণকারী মোট ৬৭ হাজার ৯ শত ১জন ছাত্র-ছাত্রীর মধ্যে উত্তীর্ণ হইয়াছে

( ২য় পৃঃ ৩-এর কঃ দ্রঃ )



সাধারণ বিজ্ঞানে প্রথম নাছরুল্লাহ



দাখিল পরীক্ষায় বিজ্ঞান শাখায় প্রথম কামরুল হাসান সাঈদ

## দাখিল পরীক্ষার

( ১ম পৃঃ পর )

৪৬ হাজার ৭ শত ২৮ জন। হার মধ্যে প্রথম বিভাগে ৯ হাজার ২ শত ৩৬ জন, দ্বিতীয় বিভাগে ২৭ হাজার ৬ শত ৬ জন এবং তৃতীয় বিভাগে ৯ হাজার ৮ শত ৮৬ জন উত্তীর্ণ হইয়াছে। পরীক্ষায় উত্তীর্ণদের মধ্যে ছাত্র ৩৮ হাজার ৭ শত ১৬ জন এবং ছাত্রী ৮ শত ১২ জন।

সাধারণ গ্রুপ হইতে পরীক্ষার অংশ গ্রহণকারী ৬১ হাজার ৫ শত ৭৬ জনের মধ্যে প্রথম বিভাগে ৭ হাজার ২ শত ২২ জন, দ্বিতীয় বিভাগে ২৫ হাজার ৩ শত ৮৪ জন এবং তৃতীয় বিভাগে ৯ হাজার ৬ শত ৬৩ জন পাস করিয়াছে। পাসের হার শতকরা ৬৮ দশমিক ৬৫ ভাগ।

বিজ্ঞান গ্রুপের মোট ৩ হাজার ৯ শত ৫৫ জনের মধ্যে প্রথম বিভাগ পাইয়াছে ১ হাজার ৬ শত ৭৮ জন, দ্বিতীয় বিভাগ ১ হাজার ৩ শত 8 জন এবং তৃতীয় বিভাগ ৫৭ জন। এই গ্রুপের পাসের হার শতকরা ৭৬ দশমিক ৮৪ ভাগ। মুজাব্বিদ ও হিফজুল কোরান গ্রুপ হইতে পরীক্ষার অংশগ্রহণ কারী মোট ২ হাজার ৩ শত ৭০ জনের মধ্যে প্রথম বিভাগে ৩ শত ৩৬ জন, দ্বিতীয় বিভাগে ৯ শত ১৮ জন এবং তৃতীয় বিভাগে ১ শত ৬৫ জন ছাত্র-ছাত্রী পাস করিয়াছেন। এই গ্রুপে পাসের হার শতকরা ৫৯ দশমিক ৯১ ভাগ।